১৩-১৯ বছর বয়সীদের জন্য ফ্যাশন, ডান্স, ড্রামা কোর্স

টাওয়ার হ্যামলেটসে বসবাসকারী ও অধ্যয়নরত ১৩ থেকে ১৯ বছর বয়সীদের জন্য কাউন্সিলের এ টিম আর্টস্ চলতি গ্রীষ্মকালীন স্কুল অবকাশ সময়ে ফ্যাশন, টেক্সটাইলস্, ডান্স এবং ড্রামা ওপর অনেকগুলো সম্পুর্ণ ফ্রি এ্যাক্রেডিটেড কোর্সের আয়োজন করেছে। বিশ্বখ্যা ফ্যাশন কোম্পানী বারবেরির তত্ত্বাবধানে কিছু কিছু ফ্যাশন কোর্স পরিচালিত হবে। এর ফলে অংশ গ্রহণকারীরা ফ্যাশন ও টেক্সটাইল ইন্ডাষ্ট্রির অনেক গভীরের অজানা বিষয় সম্পর্কে জানার সুযোগ পাবেন। মাত্র চার সপ্তাহের কোর্সে অংশ নিয়ে শিক্ষার্থীরা কিভাবে ক্যাটওয়াক কালেকশন তৈরী করতে হয়, তার কলাকৌশল সম্পর্কে অবহিত হবেন। শিক্ষার্থীদের সৃষ্ট ফ্যাশন ডিজাইনগুলো আগামী বছরের

এপ্রিলে অনুষ্ঠিতব্য ফ্যাশন উইক ক্যাটওয়াক শো-তে তুলে ধরা হবে। অন্যান্য কোর্সসমূহের মধ্যে রয়েছে কিভাবে ক্যাটওয়ার্ক স্টাইল তৈরী করতে হয়, ফটো শূট, পার্সোনাল মেকওভার, ম্যাগাজিন, চুলের ডিজাইন, মেক-আপ, মডেল ইত্যাদি। যেসকল কিশোর তরুণ নাটকে অভিনয়ে আগ্রহী, তাদের জন্য কোর্স হচ্ছে অনলাইন, অন্ ডিজিটাল এন্ড ইন্ স্টেপনি। এছাড়া ডান্স সম্পর্কে আগ্রহীদের জন্য রয়েছে ইন্ডিয়ান ক্লাসিকের পাশাপাশি বলিউড ও ফোক্-ভাংরা নৃত্য, ল্যাটিনো, হিপ হপ্ ইত্যাদি। এসব কোর্স সম্পর্কে বিস্তারিত তথ্য জানতে হলে ০২০ ৭৩৬৪ ৭৯০৮ নাম্বারে ফোন করে কাউন্সিলের এ্ টিম আর্টস্-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।

হাউস অব লর্ডসে এনাম আলী অ্যাওয়ার্ডে ভূষিত

হাউস অব লর্ডসে সমাজে বিশেষ অবদানের জন্য ব্রিটিশ কমিউনিটি ওনার অ্যাওয়ার্ডে ভূষিত হলেন স্পাইস বিজনেস ম্যাগাজিন সম্পাদক ও ব্রিটিশ কারি অ্যাওয়ার্ডের প্রতিষ্টাতা বিশিষ্ট ব্রিটিশ বাংলাদেশী সমাজ সেবী এনাম আলী এমবিই । গত ১৬ জুলাই হাউস অব লর্ডসে তাঁর হাতে এই পুরুস্কার তুলে দেন এটোনিজেনারেল ডমিনিক গ্রিভ কিউ সি এম পি ।

ব্রিটেনে কারী শিল্পের পরিবর্তনে যারা অবদান রাখছেন তাদের মধ্যে তিনি অন্যতম এবং দক্ষিণ এশীয়ানদের গর্বিত করেছেন। তাঁর নেতৃত্বে এবং কারী শিল্পের প্রতি যে সহানুভূতি তা জাতীয় এবং আন্তর্জাতিক প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিফলিত হচ্ছে। তাঁর সেই সফলতার মুকুটে আরো একটি পালক সংযোজিত হলো ।

কমিউনিটি ওনার পুরুস্কার ২০১০ প্রদান উপলক্ষে হাউস অব লর্ডসের চ্যাম্বালিং হলে আয়োজন করা হয় এক ঝাকঝমক পূর্ণ অনুষ্ঠানের। এতে ব্রিটিশ মন্ত্রী সভার সদস্য, হাউস অব লর্ডস হাউস অব কমন্সের সদস্য ছাড়াও রাজনৈতিক, কূটনৈতিক পেশাদারী বিভিন্ন নেতৃস্থানিয় ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রতি বছর সমাজে বিভিন্ন শ্রেণী পেশার সফল ব্যক্তিদের অসাধারণ কর্মকান্ডের জন্য কমিউনিটি ওনারস পুরুস্কার প্রদান করা হয়ে থাকে। জনাব এনাম আলী হসপিটালিটি সেক্টরে বিশেষ অবদান রাখার কারণে এবছর এই সম্মানি পুরুস্কারটি অর্জন করেন।

উল্লেখ্য জনাব এনাম আলী ২০০৫ সালে ব্রিটেনের কারী শিল্পে বিপ্লব ঘটিয়ে প্রথম বারের মতো সবচেয়ে আকর্ষনীয় সবার কাছে গুরুত্ববহ ব্রিটিশ কারী অ্যাওয়ার্ডের প্রবর্তন করেন। প্রতি বছর এ অ্যাওয়ার্ড প্রদানের ফলে কারী শিল্পের বিকাশের সাথে সাথে এর গুরুত্ব ব্রিটিশ সমাজে অনেক বৃদ্ধি পেয়েছে। যেমনটি প্রধান মন্ত্রী রাইট অনারেবোল ডেভিড ক্যামরুন ব্রিটিশ কারী অ্যাওয়ার্ড ২০০৯ সালের অনুষ্টানে তাঁর বক্তব্যে বলেছেন, ‘‘ আমাদের আজকে রয়েছে সর্বকৃষ্ট কারী রেষ্টুরেন্ট, ৪০ হাজার নমিনেশন, স্পাইস ইন্ডাষ্ট্রি ওসকার, এনাম আলী এবং আপনারা সকলে। আপনারা যা অর্জন করেছেন তার জন্য আপনাদের অবিশ্বাস রকম গর্বিত হওয়া উচিত’’।

জনাব এনাম আলী কারী শিল্পের জন্য ২০০০ সালে শক্তিশালী একটি মূখপত্র স্পাইস বিজনে ম্যাগাজিন প্রকাশ করেন। এই ম্যাগাজিন কারী শিল্পের বিদ্যমান সমস্যা গুলো তুলে ধরে খুব অল্প সময়ের মধ্যে জনপ্রিয়তা অর্জন করেছে।

রেষ্টুরেন্ট সেক্টরে অসামান্য অবদানের ফলশ্রুতিতে ব্রিটেনের রাণী দ্বিতীয় এলিজাবেথ ২০০৮ সালে তাঁকে এমবিই খেতাবে ভূষিত করেন ।

লন্ডন মহানগর যুবলীগের কার্যকরী পরিষদের সভা অনুষ্ঠিত

লন্ডন মহানগর যুবলীগের কার্যক্রম কে গতিশীল করা, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন ও যুদ্ধাপরাধীদের বিচার কার্যক্রমের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করে লন্ডন মহানগর যুবলীগের কার্যকরী পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি পূর্বলন্ডনস্থ বৈশাখী রেস্টুরেন্টে অনুষ্ঠিত কার্যকরী পরিষদের সভায় সভাপত্বি করেন আফজল হোসেন। সভা পরিচালনা করেন মাহবুব আহমদ। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন লন্ডন যুবলীগের সহ সভাপতি মতব্বির হোসেন চুনো, আমিনুল হক জিলু, সার্জন খান, মোঃ আলী জিলু, ফয়সল হোসেন সুমন, যুগ্ম সাধারন সম্পাদক বাবুল খান, রাজিবুল হক বাদশা, সাইফুল ইসলাম মহসিন, সাংগঠনিক সম্পাদক আরেক আহমদ, প্রচার সম্পাদক আজিজুর রহমান লায়েক, ও কামরুল ইসলাম, ওলিউর রহমান, আবুল লেইস, সালেহ আহমদ, আসক আলী, আজাদুর রহমান আজাদ ও ওলিউর রহমান।

দারুল উলুম বার্মিংহামে খতমে বোখারী অনুষ্ঠান

গত ১০ জুলাই শনিবার দুপুর ১২টা হতে বিকাল ৪টা পর্যন্ত বার্মিংহাম জামে মসজিদে এবং ইসলামিক সেন্টারে খতমে বোখারী ও কোরান মজিদ মুখস্ত সম্পন্ন সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দারুল উলুম আল ইসলামিয়া, বার্মিংহামের প্রিন্সিপাল শায়খুল হাদীস আল্লামা ড. মাওলানা আব্দুর রহিম। অনুষ্ঠান পরিচালনা করেন মাওলানা শহীদুল্লাহ ও একরামুল্লাহ খাইরি। এ বছর যারা বোখারী শরীফ সম্পন্ন করে গ্রাজুয়েশন ডিগ্রী লাভ করেছেন তারা হলেন- মাওলানা ইউছুফ জামান, মাওলানা আব্দুর রহমান ও মাওলানা অলিউর ইসলাম। আর হেফজ সম্পন্নকারীরা হলেন- কামিল উসমান, আরিফ রহমান, আব্দুল্লাহ হাছান ও বারাকাত মোহাম্মদ।

খেলাফত মজলিস টাওয়ার হ্যামলেটস শাখার প্রশিক্ষণ সভা

গত ১৫ জুলাই বৃহস্পতিবার খেলাফত মজলিস টাওয়ার হ্যামলেটস শাখার উদ্যোগে অনুষ্ঠিত হয় দিনব্যাপী এক প্রশিক্ষণ মজলিস। সভায় সভাপতিত্ব করেন মাওলানা যাবির আহমদ। উপস্থাপনা করেন সেক্রেটারী হাফিজ হুসাইন আহমদ ও মাওলানা হুমায়ুন রশীদ।

প্রধান আলোচক ছিলেন হুসাইন মোহাম্মদ সুলতান, মাওলানা তায়ীদুল ইসলাম, মাওলানা আব্দুল আহাদ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মুফতী আব্দুর রাজ্জাক, মাওলানা রফিক আহমদ, মোহাম্মদ ইছবাহ উদ্দিন কামরুল প্রমুখ।

নৌবাহিনীর সাবেক ইঞ্জিনিয়ার শাহ লুৎফুর রহমান মাসুক যুক্তরাজ্য সফরে এসেছেন

সিলেট জেলা ছাত্রলীগের সাবেক যুগ্ম সাধারন সম্পাদক ও নৌবাহি-নীর সাবেক ইঞ্জিনিয়ার শাহ লুৎফুর রহমান মাসুক এক সংকিপ্ত সফরে যুক্তরাজ্যে এসেছেন। যুক্তরাজ্য অবস্থান কালে তিনি বন্ধু বান্ধব আত্মীয় স্বজন ও এলাকার বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠনের সাথে সাক্ষাৎ করবেন। তিনি যুক্তরাজ্য আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক শাহ আজিজুর রহমানের বড় ভাই, শাহ লুৎফুর রহমান মাসুক আগামী ১০ আগস্ট বাংলাদেশে ফিরে যাবেন । তার সাথে যোগাযোগের নাম্বার ০৭৫৩৫৫৩১১৭৭

বিসপসওয়ে ইভিনিং মাদ্রাসার বার্ষিক ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণী সম্পন্ন

গত ১৯ জুলাই সোমবার অত্যন্ত জাঁকজমকপূর্ণ আয়োজনের মাধ্যমে বিসপসওয়ে ইভিনিং মাদ্রাসার বার্ষিক পেরেন্ট ইভিনিং, ফলাফল প্রকাশ ও পুরস্কার বিতরণী প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে।

সভায় সভাপতিত্ব করেন মোঃ আব্দুল গফুর ও পরচালনা করেন মাদ্রাসা শিক্ষক মাওলানা আলী হোসেন। সভার প্রথম পর্বে ছাত্রছাত্রীরা ক্বিরাত, নাসিদ প্রেজেন্টেশন ও কৌতুক পরিবেশন করে। দ্বিতীয় পর্বে পেরেন্ট গভর্নরদের পক্ষ থেকে দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন প্রধান অতিথি ইসহাক আহমদ, বিশেষ অতিথির বক্তব্য রাখেন মাওলানা আখতার আলী, শাহ মোঃ আব্দুস সুবহান, কামাল উদ্দিন, শফিকুর রহমান, আব্দুল হাফিজ, আমিনুল ইসলাম চৌধুরী, তৌহিদুল ইসলাম প্রমুখ। মাওলানা হাবিবুর রহমান ফুয়াদ সভা শেষে মোনাজাত পরিচালনা করেন।